



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮ (ডিগ্রী শাখা); ৬৫২৪৫ (উচ্চমাধ্যমিক শাখা)
ফ্যাক্স ৮৮-০৮১-৯১১৬১; ই-মেইল : principal@cvgc.edu.bd ওয়েব সাইট : www.cvgc.edu.bd
Facebook Page: https://www.facebook.com/cvgc.edu.bd/

তারিখ : ২৩/০২/২০২৫ খ্রি.

২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরম পূরণের যাবতীয় তথ্য নিম্নে দেয়া হলো:
ফরম পূরণের শেষ তারিখ: ১৫/০৩/২০২৫ খ্রিস্টাব্দ।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<http://nubd.info/formfillup/>) প্রবেশ করে আগামী ১৫/০৩/২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে ফরম পূরণের আবেদন ফরম পূরণ ও প্রিন্ট করতে হবে।

ফরম পূরণ ফি বিবরণী:

বিভাগের নাম	নিয়মিত/অনিয়মিত (পরীক্ষার্থী যারা পূর্বে ফরম পূরণ করে নাই)	অনিয়মিত পরীক্ষার্থী যারা পূর্বে ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করে নাই
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি ও ইসলামি শিক্ষা, দর্শন, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, মার্কেটিং	৪,৩৮০/-	৩,৪৮০/-
সমাজকর্ম	৪,৪৮০/-	৩,৫৮০/-
পদার্থবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, গণিত	৪,৭৩৫/-	৩৮৩৫/-
রসায়ন,	৫,০৪০/-	৪,১৪০/-
পরিসংখ্যান	৬,০০০/-	৫,১০০/-
অকৃতকার্য/শ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত পরীক্ষার ফরমে উল্লেখিত ফি এর সহিত ৫০৫/- (পাঁচশত পাঁচ) টাকা যোগ করে ফি নির্ধারণ করতে হবে।		

শিক্ষার্থীগণ আবেদন পত্রের সাথে যে সকল কাগজপত্র জমা দিবে:

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে ডাউনলোডকৃত আবেদন ফরম।
- রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- অনার্স ৪র্থ বর্ষ সেশন ফি জমা রশিদের ফটোকপি (শিক্ষার্থী অংশ)।
- ফরম পূরণ ফি জমার রশিদের কলেজ অংশ।


বিঃদ্রঃ যে সকল (নিয়মিত/অনিয়মিত/অকৃতকার্য) শিক্ষার্থী অনার্স ৪র্থ বর্ষ সেশন ফি জমা প্রদান করে নাই তাদেরকে সংশ্লিষ্ট বিভাগ হতে সেশন ফি রশিদ সংগ্রহ করে ব্যাংকের মাধ্যমে সেশন ফি জমা প্রদান পূর্বক ফরম পূরণ করতে হবে।

শিক্ষার্থীগণ স্ব-স্ব বিভাগ হতে ফরম পূরণ ফি জমা রসিদ (সঞ্চয়ী হিসাব নং-০৩৫৮১০১১১২০১১) কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ শাখা, কেন্দ্রীয় তহবিল-০৬) সংগ্রহ করে পূবালী ব্যাংক ভিক্টোরিয়া কলেজ শাখা/প্রধান শাখায়/ইসলামী উইডো কুমিল্লা শাখায় ফরম পূরণ ফি পরিশোধ করবে। স্ব-স্ব বিভাগ শিক্ষার্থী কর্তৃক ব্যাংক জমা রশিদের কলেজ অংশ সাথে আবেদন ফরমের পত্র সংখ্যা যাচাই-বাচাই পূর্বক ডাটা এন্ট্রি করবেন। ফরম পূরণ ফি জমার রশিদ ও ডাটা এন্ট্রির বিবরণী নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন পত্র সংখ্যা অনুযায়ী তালিকা করে ফরওয়াডিংয়ের মাধ্যমে ০১ কপি কলেজের হিসাব শাখায় এবং ভর্তি শাখায় ০২ কপি ডাটা এন্ট্রির বিবরণী জমা প্রদান করবেন।

ফরম পূরণ সংক্রান্ত তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের (www.nu.ac.bd) বিজ্ঞপ্তি হতে জানা যাবে।


বিতরণ:

- উপাধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- বিভাগীয় প্রধান, বিভাগ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- সম্পাদক, শিক্ষক পরিষদ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ব্যবস্থাপক, পূবালী ব্যাংক ভিক্টোরিয়া কলেজ শাখা/প্রধান শাখায়/ইসলামী উইডো কুমিল্লা শাখা
- অফিস কপি


প্রফেসর মোঃ আবুল বাসার ভূঁঞা (৭৬৩২)
অধ্যক্ষ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

কুমিল্লা
প্রফেসর মোঃ আবুল বাসার ভূঁঞা (৭৬৩২)
অধ্যক্ষ
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ
কুমিল্লা


২৩/০২/২৫